58

দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৩

# ছাত্রলীগের শামীম গ্রুপের পাঁচটি হল দখল পুলিশও গ্রেফতার করেছে শামীমকে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাডার রাজনীতিতে নয়া মেরুকরণ হয়েছে। ক্যাম্পাস থেকে বিতাড়িত ছাত্রলীগের 'শামীম গ্রুপ' সোমবার বিনাযুদ্ধে বিশ্ববিদ্যালয়ের পাঁচটি আবাসিক হল দখল করে নিয়েছে। পুলিশ শামীম গ্রুপের নেতা শামীম আহমেদকে গ্রেফতার করেছে। বিশ্ববিদ্যালয়ে থমথমে অবস্থা বিরাজ করছে। হল দখলকে কেন্দ্র করে যে কোন সময়ে রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

অন্যদিকে পুলিশ রাতে বিশ্ববিদ্যালয়ের হলে 'রেড' করে ও তল্লাশি চালায়। ক্যাডারদের জহুরুল হক হল দখলের পর পুলিশ হলের চিহ্নিত কয়েকটি কক্ষে তল্লাশি করে। কিন্তু কোন অস্ত্র উদ্ধারে তারা ব্যর্থ হয়। হলগেট থেকে গোয়েন্দা পুলিশ কেবলমাত্র শামীম-আহমেদকে বাইরে ডেকে এনে গ্রেফতার করে। মাস ছয়েক আগে তাকে পুলিশ গ্রেফতার করলেও তার দলীয় সহকর্মীরা তাকে পুলিশের হাত থেকে ছিনিয়ে নিয়েছিল। 'মাদারীপুর-শরীয়তপুর' গ্রুপের সংখ্যাগরিষ্ঠ ক্যাডারদের অনুপস্থিতিতে 'শামীম গ্রুপ' এসব হল দখলে নেয়। সন্ধ্যা সোয়া সাতটায় দু'টি মাইক্রোবাসযোগে শামীম গ্রুপের ক্যাডাররা জহুরুল হক হলের সামনে এসে কয়েক রাউন্ড ফাঁকা গুলি করে। মাইক্রোবাস থামিয়ে রেখে তারা সশস্ত্র অবস্থায় জহুরুল হক হলে প্রবেশ

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## ছাত্রলীগের শামীম (প্রথম পাতার পর)

করে। এ সময় হলে অবস্থানকারী 'মাদারীপুর-শরীয়তপুর' গ্রুপের শীর্ষ ক্যাডার বাবুল তালুকদার, বাচ্চু ও কাজলকে মারধর ও বের করে দেয়া হয়। ভাঙচুর করা হয় চিহ্নিত কয়েকটি কক্ষ। এরপর 'মাদারীপুর-শরীয়তপুর' গ্রুপের ক্যাডাররা আত্মসমর্পণ করে। এ গ্রুপের সংখ্যাগরিষ্ঠ ক্যাডার ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে হলের বাইরে অবস্থান করছে। এই সুযোগে 'শামীম গ্রুপ' জহুরুল হক হল দখলে নেয়। এ হল দখলে নেয়ার পর বাকি চারটি হলের (মহসীন, এফ রহমান, এসএম, জগন্নাথ) ক্যাডাররা আত্মসমর্পণ করে। তারা শামীম গ্রুপের সঙ্গে যোগাযোগ করে তার নেতৃত্ব মেনে নেয়।

উল্লেখ্য, প্রায় আড়াই মাস আগে ক্যাম্পাস থেকে শামীম আহমেদ বিতাড়িত হয়েছিল। এরপর সে পরীক্ষা দিতে ক্যাম্পাসে আসার অনুমতি চাইলে 'মাদারীপুর-শরীয়তপুর' গ্রুপের বসরা অনুমতি দেয়নি।

ইউএনবি জানায়, গোয়েন্দা পুলিশের ডেপুটি কমিশনার সৈয়দ বজলুল করিম বলেছেন, শামীম আহমেদকে গ্রেফতারের কারণ হচ্ছে প্রধানমন্ত্রী চান না ক্যাম্পাসে হল দখলের রাজনীতি থাকুক।